জেলা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের প্রার্থী তালিকা প্রকাশ

মেহেরপুর জেলা প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের প্রার্থী তালিকা প্রকাশ করা হয়েছে।

রবিবার মেহেরপুর জেলা প্রেসক্লাবের অফিসে প্রার্থী তালিকা প্রকাশ করেন নির্বাচন কমিশনfর আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু।

১১ টি পদের বিপরীতে ১৪ জন প্রার্থীর খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে। আগামী ১৩ ডিসেম্বর শুক্রবার ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

মেহেরপুর জেলা তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটির সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা তামাক নিয়ন্ত্রণ টাস্কফোর্স কমিটির ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার সকাল ১১ টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা টাস্কফোর্স কমিটির সভাপতি ও জেলা প্রশাসক আতাউল গনির সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিগত দিনের তামাক নিয়ন্ত্রণে যে সকল পদক্ষেপ নেওয়া হয়েছে তা বর্ণনা করেন জেলা প্রশাসক।

সভাপতির মাধ্যমে মেহেরপুর ও গাংনী পৌরসভার তত্বাবধায়নে আগামী দিনে তামাক পণ্য বিপনন নিয়ন্ত্রণের লক্ষে তামাক পণ্য বিক্রয়কারীদের আলাদা ভাবে ট্রেড লাইসেন্সের আওতায় নিয়ে আসার প্রস্তাব দেন বাংলাদেশ তামাক বিরোধী জোটের প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা।

বলা হয় পৌর এলাকায় লাইসেন্স ছাড়া কোন ব্যবসা পরিচালনা করা সম্ভব না তাই যদি তামাক পণ্য বিক্রয়কারীদের আলাদা লাইসেন্সের আওতায় নিয়ে আসলে তারা ১৮ বছরের কম বয়সী কারো কাছে তামাক পণ্য বিক্রয় করতে বা বিক্রয় কাজে ব্যবহার করতে পারবে না। তাহলে নতুন করে ধূমপায়ী তৈরি হবে না বা অনেকটা কম হবে। এছাড়াও বিজ্ঞাপন প্রদশর্ন করা কোম্পানীর বিরুদ্ধে কঠোর অবস্থান নিবে জেলা প্রশাসন।

এসময় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, সিভিল সার্জন ডা. শামীম আরা নাজনীন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও উপপরিচালক (স্থানীয় সরকার) তৌফিকুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম আশ্রয় সমাজ উন্নয়ন সংস্থার পরিচালক এমএ হাসান সুমন। এছাড়াও সকল সরকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর সদরে জলাতঙ্ক নির্মুলে অবহিত করন সভা

২০২২ সালের মধ্যে দেশে থেকে জলাতঙ্ক নির্মুলের লক্ষ্যে ব্যাপক হারে কুকুরের টিকাদান (এমডিভি) কার্যক্রম ২০১৯ বাস্তবায়নে উপজেলা পর্যায়ে অবহিত করন সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বেলা ১১ টার সময় মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মেলন কক্ষে এ অবহিত করন সভার আয়োজন করে। উপজেলা

চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সিভিল সার্জন ডা. শামীম আরা নাজনীন।

অন্যদের মধ্যে বক্তব্য দেন উপজেলা স্বাথ্য কর্মকর্তা ডা . অলোক কুমার , মেহেরপুর জেনারেল হাসপাতালের আরএমও ডা . এহসানুল কবির ডিএলও জাহাঙ্গির আলম , ইউপি চেয়ারম্যান শাহজামান , বোরহান উদ্দিন।

-নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে জলাতঙ্ক নির্মুলে অবহিত করন সভা অনুষ্ঠিত

২০২২ সালের মধ্যে দেশে থেকে জলাতঙ্ক নির্মুলের লক্ষ্যে ব্যাপক হারে কুকুরের টিকাদান (এমডিভি) কার্যক্রম ২০১৯ বাস্তবায়নে উপজেলা পর্যায়ে অবহিত করন সভা অনুীষ্ঠত হয়েছে।

আজ রবিবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সম্মেলন কক্ষে স্বাস্থ্য অধিদপ্তর রোগ নিয়ন্ত্রন শাখা এ অবহিত করন সভার আয়োজন করে।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ এম রিয়াজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথী হিসেবে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান এম এ খালেক। বিশেষ অতিথী ছিলেন , গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম ,উপজেলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়ামিন।

এসময় গাংনী উপজেলার ৯ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ,স্বাস্থ্য সহকারি ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের বিষয়বস্তু তুলে ধরে বক্তব্য রাখেন এমডিভি সুপার ভাইজার মুক্তার উদ্দিন ও একরামুদ্দিন । অনুষ্ঠানটি সঞ্চালনা করেন এমটি ইপি আই আব্দুর রশিদ।

-নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]

সুপেয় পানির সংকট মেটাতে মেহেরপুর পৌরসভার গভীর নলকূপ স্থাপন

সুপেয় পানির সংকট মেটাতে মেহেরপুর পৌরসভার উদোগে শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় গভীর নলকূপ স্থাপনের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার দুপুরে পানযোগ্য পানি সংকট নিরসনে জন্য গভীর নলকুপের উদ্বোধন করা হয়। জেলা পরিষদের চেয়ারম্যান মো: গোলাম রসুল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সুইচ অন করে গভীর নলকূপের উদ্বোধন করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

এসময় পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, শাকিল রাব্বি ইভান, সৈয়দ মঞ্জুরুল কবির রিপন, নুরুল আশরাফ রাজিব, আব্দুল্লাহ হেল বাপ্পি, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন, সচিব তৌফিকুর আলম, প্রকৌশলী মহাসিন আলীসহ পৌর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সুপেয় পানির সংকট মেটাতে মেহেরপুর পৌরসভার পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় সাড়ে ৩শ ফুট গভীর নলকূপের উদ্বোধন করা হলো যা প্রতি মিনিটে ৬-৮ লিটার পানি উত্তোলন করা যাবে।

এ সময় সেখানে দোয়া ও মোনাজাত করা হয়।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে বোমা আতঙ্কে দুইদিন

ধরে পাহারায় ছিলো পুলিশ

মেহেরপুর জনস্বাস্থ্য প্রকৌশলীর কার্যালয়ের সামনে পড়ে থাকা সার্কিটযুক্তযুক্ত বোমাটি দুইদিন ধরে পুলিশ ঘিরে রাখার পর গতকাল শনিবার সকালে নিস্ক্রিয় করা হয়েছে।

এর আগে শুক্রবার দিবাগত রাত সাড়ে তিনটার দিকে ঢাকা থেকে কাউন্টার টেরোরিজম ইউনিটের দু’টি দল মেহেরপুর আসে।

পরিদর্শক মোদাচ্ছের কাউছারের নেতৃত্বে ৬ সদস্যের বোমা বিশেষজ্ঞ দল ও পরিদর্শক ইসরাফিল ভূঁইয়ার নেতৃত্বে ৬ সদস্যের অপর একটি তদন্ত দল ঘটনাস্থলে আসে। সকাল ৮টার দিকে কাউন্টার টেরোরিজম ইউনিটের পরিদর্শক ইসরাফিল ভূঁইয়ার নেতৃত্বে ৬ সদস্যের তদন্ত দল কাজ শুরু করে। পরীক্ষা-নিরীক্ষা করার পর পরিদর্শক মোদাচ্ছের কাউছারের নেতৃত্বে ৬ সদস্যের বোমা বিশেষজ্ঞ দল বোমাটির বিস্ফোরণ ঘটান। এসময় বিকট শব্দে এলাকা প্রকম্পিত হয়ে ওঠে।

তবে মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম তাৎক্ষণিক ভাবে সাংবাদিকদের জানিয়েছেন এটি বোমা ছিল না। সার্কিটের সঙ্গে ডিভাইস থাকায় নেগেটিভ-পজেটিভ এক হওয়ায় বিকট শব্দে বিস্ফোরণ ঘটেছে। এলাকায় আতঙ্ক সৃষ্টির জন্যই কে কারা এ কাজ করেছে। ডিভাইসযুক্ত সার্কিটের ভেতর বালু ছিল।

জানা যায়, গত বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে মেহেরপুর জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান ফটকের পাশে একটি ব্যাগের মধ্যে ডিভাইসযুক্ত বোমাটি দেখতে পেয়ে পুলিশকে খবর দেওয়া হয়। পরে থানা পুলিশ ওই দিন থেকেই ঘিরে রাখে ঘটনাস্থল। এর মধ্যে র্যাবের বোমা বিশেষজ্ঞ দল খুলনা থেকে এসে ঘটনাস্থল পরিদর্শন করেন।

তবে তাদের কাছে এ ধরনের বোমা নিষ্ক্রিয় করার কোনো যন্ত্র না থাকায় তারা ফিরে যান। পরে ঢাকা থেকে কাউন্টার টেরোরিজম ইউনিটের দু’টি বিশেষজ্ঞ দল ঘটনাস্থলে আসে। এদিকে বোমার ব্যাগটির পাশেই আনসারুল্লাহ ইসলামী জঙ্গি সংগঠন লেখা একটি চিরকুট পাওয়া যায়। সেই চিরকুটের কারণেই এলাকাই আতঙ্ক সৃষ্টি হয়।

এ দিকে, গতকাল দুপুরে মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী প্রেস ব্রিফিং এ বলেন, গত বৃহস্পতিবার জনস্বাস্থ্য প্রকৌশলী কার্যলয়ে বোমা সাদৃশ্য বস্তুর খবর পেয়ে আমরা পরিদর্শন করি।

সেখানে একটি চিরকুট পাওয়া যায় যেটি আল-কায়েদা নামে লেখা। সেই সাথে ইলেকট্রিক সার্কিট যুক্ত বোমা সাদৃশ্য বস্তু। এ জন্য আমরা কোন ধরনের ঝুকি না নিয়ে উর্ধতন কতৃপক্ষের নির্দেশে বোম ডিসপোজাল ইউনিটকে খবর দেওয়া হয়।

গতকাল শনিবার তারা সেটি নিস্ক্রিয় করে। বোম ডিসপোজাল ইউনিটের তথ্য মতে এটি কোন বোমা ছিল না। বালি ভর্তি একটি প্লাসটিকের পাইপ ও এলোমেলো কিছু তারের সংযোগ। কে বা কারা আতঙ্ক তৈরির জন্য এটি করেছে। তবে কারা করেছে সেটি আমরা তদন্ত করে খুজে বের করবো।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার মেহেরপুর জনস্বাথ্য প্রকৌশলী কার্যালয়ে একটি বোমা সাদৃশ্য বস্তু পড়ে থাকতে দেখে পুলিশকে খরব দেয় স্থানীয়রা। পুলিশ গত দুই দিন ধরে জায়গাটি ঘিরে রেখেছিল।

মেহেরপুর শহরের নির্মাণকৃত টিন সিডের বসত ঘর ভাংচুরের অভিযোগ উঠেছে

মেহেরপুর শহরের কোর্ট রোডে নির্মাণকৃত টিন সিডের বসত ঘর ভাংচুরের অভিযোগ উঠেছে। শুক্রবার ভোরে এ ঘর ভাঙ্গার ঘটনা ঘটে। ঘর ভাংচুরের অভিযোগ উঠেছে শহরের কোর্ট পাড়ার খোদা বক্সের ছেলে এনামুল হক ও ফজলুল বাবর, আবুলের ছেলে ফারুক, দাউদ আলীর ছেলে নাটক, জোহর খাঁর ছেলে দুল্লভ সহ কয়েকে জনের নামে।

ঘটনার বিবরণে জানা গেছে, মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের মৃত আলিহিম মন্ডলের ছেলে শাহীন ইকবাল মেহেরপুর শহরের কোটপাড়া এলাকায় হাসান ফেরদৌসের স্ত্রী আছলিমা ফেরদৌসের সাথে ৫ শতক জমি ক্রয় করেন। পরবর্তীতে শাহীন ইকবাল ওই জমিতে টিন দিয়ে একটি ঘর নির্মাণ করলে আছলিমার চাচাতো ভাই এনামুল হক ও ফজলুল হক বাবর মিলে ঘর

ভাংচুর করেন।

শাহীন ইকবাল বলেন, এস.এ রের্কডের জমির মালিক মোফাজ্জেল হোসেনের একমাত্র কন্যা আছলিমা ফেরদৌসকে হিস্যা অনুযায়ী ১৯৭৪ সালের হেবানামা দানপত্রে দলিল মূলে রেজি: করে দেন। পরবর্তীতে আর এস রেকর্ড ৫২ নম্বর খতিয়ানে ২৫৩৪ নং দাগে আছলিমা ফেরদৌসের নামে রের্কড হয়। ২০১৭ সালে আছলিমার সাথে আমি জমিটি ক্রয় করি।

ওই স্থানে আমি দুটি রুম বিশিষ্ট ঘর নির্মাণ করি। শুক্রবার ভোরে আছলিমার চাচাতো ভাই এনামুল হক ও ফজলুল হক বাবরসহ কিছু লোক নিয়ে এসে আমার তৈরী ঘর ভেঙ্গে রাস্তার পাশের একটি জমিতে ফেলে দেয়।
এখন আমি ঐ স্থানে দখলে গেলে তারা বিভিন্ন ভাবে আমাকে হেনস্থ করছে। এ বিষয়ে মামলার প্রত্তুতি চলছে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর মটর শ্রমিক ইউনিয়ন ও মাইক্রো মালিক সমিতির মধ্যে মতবিনিময় সভা

মেহেরপুর মটর শ্রমিক ইউনিয়ন ও মাইক্রো মালিক সমিতির সদস্যদের মধ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শনিবার রাতে শহরের গরুর হাট প্রাঙ্গনে জেলা মটর শ্রমিক ইউনিয়ন অফিস কার্যালয়ে এ মতবিনিময় সভায় অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন মাইক্রো মালিক সমিতির আহবায়ক ও জেলা মটর শ্রমিক ইউনিয়নে কার্যকারী সভাপতি সৈয়দ সোহেল। প্রধান অতিথি ছিলেন জেলা মটর শ্রমিক ইউনিয়ন সমিতির সাধারণ সম্পাদক মতিয়ার রহমান।

জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদ বকুলের সঞ্চালানায় অনুষ্ঠানে বক্তব্য দেন মটর শ্রমিক ইউনিয়নের সহ সাধারণ সম্পাদক এরশাদ আলী, মাইক্রো মালিক সমিতির আহবায়ক কমিটির

সদস্য রতন, রানা প্রমুখ।

এসময় মটর শ্রমিক ইউনিয়ন ও মাইক্রো মালিক সমিতির আহবায়ক কমিটির সকল সদসরা উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে ড্র

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত কিউট প্রথম বিভাগ ফুটবল লীগে চিরপ্রতিদ্বন্দ্বী বামনপাড়া বটতলা একাদশ ও বামন পাড়া সবুজ সংঘ একাদশের মধ্যকার খেলাটি ড্র হয়েছে।

গতকাল শনিবার বিকেলে মেহেরপুর স্টেডিয়ামে দ্বিতীয় রাউন্ডে তৃতীয় খেলায় অংশগ্রহণ করে শিরোপা প্রত্যাশী হ্যান্ডবলের দুই জায়ান্ট বামনপাড়া বটতলা একাদশ ও বামন পাড়া সবুজ সংঘ একাদশ। তীব্র প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ খেলাটি অবশ্য শেষ পর্যন্ত ড্র হয়েছে।

এই খেলায় বিজয়ী দল শিরোপার খুব কাছাকাছি চলে যাবে এমন পরিস্থিতিতে খেলতে নেমে শেষ পর্যন্ত দুই দল ১২-১২ গোলে করে অমীমাংসিত ভাবে শেষ করে পয়েন্ট ভাগ করে মাঠ ছাড়ে।

খেলায় বটতলা একাদশের পক্ষে শাহিন ৪টি, সাদ্দাম ৩টি, রাসেল ৩টি, শিশির ১টি আশিক ১টি গোল করেন।
অপরদিকে সবুজ সংঘের পক্ষে হানিফ ৪টি, রাজু ৪টি, আজিজুল ২টি ও বাপ্পি ও আরিফুল ১টি করে গোল করেন।

দ্বিতীয় রাউন্ডের দুটি দল দুটি করে খেলায় অংশগ্রহণ করে এতে সবুজ সংঘ দুই খেলা থেকে ৪ পয়েন্ট এবং বটতলা একাদশ সমসংখ্যক খেলায় ১ পয়েন্ট লাভ করল।

- নিজস্ব প্রতিনিধি